NOV. 25 2001

দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা 7 কলাম ... 4

মেডিক্যাল বিশ্ববিদ্যালয়

# নয়া ভিসি প্রো-ভিসি ও ট্রেজারের কাজে যোগদান ॥ তিন দিনের জন্য কর্মসূচী স্থগিত

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এম এ হাদী ভিসি, অধ্যাপক মোহাম্মদ তাহির ও অধ্যাপক আব্দুল মান্নান মিয়া প্রো-ভিসি এবং অধ্যাপক আব্দুল মবিন খান ট্রেজারার হিসেবে যোগদান করেছেন। তাদেরকে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের চিকিৎসক কর্মকর্তা ও কর্মচারী এবং সরকারী কর্মচারী সমন্বয় (২য় পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

থেকে পূর্বের ন্যায় মেডিক্যাল বিশ্ববিদ্যালয় ব্যাংকের মাধ্যমে টিকিট বিক্রি শুরু হবে এবং বহির্বিভাগ চিকিৎসা ব্যবস্থা চালু হবে। সবকিছুই স্বাভাবিক হবে বলে তিনি জানান।

মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও চিকিৎসক পরিষদ এবং নার্স, তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বিশ্ববিদ্যালয়ের অস্তিত্ব টিকিয়ে রাখার জন্য গতকাল এক সমাবেশে কর্মসূচী ঘোষণা দেয়ার কথা ছিল। নতুন ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার যোগদান করায় তাদের কর্মসূচী তিনদিনের জন্য স্থগিত রাখা হয়েছে। গতকাল বেলা ১১টায় মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সকল স্তরের শিক্ষক, চিকিৎসক, কর্মকর্তা, নার্স ও কর্মচারীদের এক যৌথ সভা শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক মোয়াজ্জেম হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় পাঁচটি বিষয় কর্তৃপক্ষের গোচরে নেয়ার সিদ্ধান্ত হয় ঃ বঙ্গবন্ধু শেখ মুজিব মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের ভিসি, প্রো-ভিসি ও ট্রেজারার পরিবর্তনের প্রক্রিয়াটি যথেষ্ট নৈতিক ও নিয়মতান্ত্রিক নয়, মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে অধিভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলোর অধিভুক্তি বাতিলের আদেশ অবিলম্বে প্রত্যাহার করতে হবে, মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের হাসপাতালকে পুনরায় পিজি হাসপাতালে রূপান্তরের সরকারী সিদ্ধান্তকে প্রত্যাহার করতে হবে, যারা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ে পিজি হাসপাতালের নামফলক লাগিয়েছে ও এর সাথে যারা জড়িত তাদের বিরুদ্ধে তিনদিনের মধ্যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভায় মেডিক্যাল বিশ্ববিদ্যালয়কে বিনষ্ট করার চক্রান্ত প্রতিহত করতে ঐক্যবদ্ধ আন্দোলন চালিয়ে যাবার সিদ্ধান্ত নেয়া হয়। সভায় আগামী তিনদিন পর এসব বিষয়ে সরকারের মনোভাব পর্যালোচনা করে পরবর্তী কর্মসূচী গ্রহণের সিদ্ধান্ত নেয়া হয়। সভায় মেডিক্যাল কলেজ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যাপক ইকবাল আসলাম, ডাঃ শারফুদ্দীন আহমদ, ডাঃ কামরুল হাসান খান, ডাঃ আব্দুল আজিজ, ডাঃ জাকারিয়া স্বপন, রিয়াজ ও মোহাম্মদ ইসহাক বক্তব্য রাখেন। সভাশেষে মেডিক্যাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও চিকিৎসক পরিষদ এবং নার্স, তৃতীয় ও ৪র্থ শ্রেণীর নেতা-কর্মীরা নয়া ভিসির সাথে তার অফিস কক্ষে দেখা করেন। তারা মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সাম্প্রতিক ঘটনাবলী নয়া ভিসি ও প্রো-ভিসিদের অবহিত করেন। নয়া ভিসি তাদের জানিয়েছেন যে, মেডিক্যাল বিশ্ববিদ্যালয় তার অর্ডিন্যান্স অনুযায়ী এবং সরকারী সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। তিনি গতকাল বেলা ২টা পর্যন্ত অফিস করেন। নয়া ভিসিকে মেডিক্যাল বিশ্ববিদ্যালয়ের সকল বিভাগীয় প্রধানগণ, কর্মকর্তা এবং ড্যাব নেতৃবৃন্দ ধন্যবাদ জানান। সরকারী কর্মচারী সমন্বয় পরিষদ সরকারী সিদ্ধান্তকে স্বাগত জানিয়ে গতকাল বিজয় মিছিল বের করে।